দৈনিক সংবাদ

182

তারিখ ... ... SEP 23 199..
পৃঃ 4 কলাম 3

## 'সৃষ্টপদে' শিক্ষক/ শিক্ষিকাদের এমপিও ভুক্তি প্রসঙ্গে

আমরা একটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে গত এপ্রিল ১৯৯৭ থেকে চাকরি করে আসছি। কুমিল্লা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ডাবল শিফট খোলার পরিপ্রেক্ষিতে 'সৃষ্টপদে' একজন সহকারী প্রধান শিক্ষক ও তিনজন 'সহকারী শিক্ষক' সরকারি নিয়োগবিধি মোতাবেক নিয়োগ করা হয়। নিয়োগ লাভের পর 'সৃষ্টপদে' এমপিও ভুক্তির প্রয়োজনীয় কাগজপত্র বিধি মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়া হয়। কিন্তু পরিতাপের বিষয় গত ২৬-০৮-৯৬ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে 'সৃষ্টপদের' এমপিও ভুক্তি বন্ধ রাখা হয়। বিধিসম্মতভাবে নিয়োগ পাওয়ার পর ও আমরা আজ পর্যন্ত সরকারি অংশের বেতন-ভাতা থেকে বঞ্চিত। এমপিও ভুক্তি বন্ধ থাকায় আমাদের মতো দেশে প্রায় ১৫ হাজার শিক্ষক/শিক্ষিকা সীমাহীন কষ্টের মাঝে দিন যাপন করছেন। অথচ শিক্ষা মন্ত্রণালয় ১৫ হাজার শিক্ষক/শিক্ষিকার জীবনে যে চরম হতাশার নির্দেশ দিয়েছেন তাদের ভাগ্যে কি ঘটবে তা ঠিক বোধগম্য হচ্ছে না।

শিক্ষক সমাজের প্রতি এরূপ বৈষম্যমূলক ও বিমাতাসুলভ আচরণ রীতিমত অবিচার ও অনিয়ম। বেসরকারি শিক্ষক/শিক্ষিকাদের দুঃখ যন্ত্রণা ও আর্থিক দুর্গতি দেখার কেউ নেই।

শিক্ষামন্ত্রীর প্রতি আমাদের আকুল আবেদন, 'সৃষ্টপদে' নিয়োগকৃত শিক্ষক/শিক্ষিকাদের এমপিও ভুক্তির বিষয়টি সহৃদয়ভাবে বিবেচনা করে দেখবেন।

শেখ মোঃ ইব্রাহিম
মোঃ শাহাগীর মৃধা
মোঃ হেমায়েত উল্লাহ
সহকারী শিক্ষক
কালীকচ্ছ পাঠশালা (উঃ বিঃ)
থানা-সরাইল,
জিলা-ব্রাহ্মণবাড়িয়া।